গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইডেন মহিলা কলেজ, ঢাকা

বিজ্ঞপ্তি

তারিখ : ১৪/১২/২০১৬খ্রি.

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি অনুযায়ী ২০১৪ সালের এম.এ/এম.এস.এস/এম.বি.এস/এম.এসসি শেষ পর্ব পরীক্ষায় অংশ গ্রহণেচ্ছুক নতুন সিলেবাসের আওতায় নিয়মিত ও প্রাইভেট পরীক্ষার্থী ছাত্রীদেরকে নিম্নের বর্ণিত তারিখ অনুযায়ী দাখিলা ফরম পূরণ ও ফিসের টাকা জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে। পরীক্ষার্থীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (**www.nubd.info /mf**) -Apply to online form fill-up (for Students) এ প্রবেশ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে নির্দেশনা অনুযায়ী আবেদন ফরম পূরণ করে অনলাইন থেকে প্রিন্ট কপি নিয়ে কলেজে নোটিশের নির্ধারিত ফিসের টাকা শিউর ক্যাশের মাধ্যমে কলেজ একাউন্টে জমা দিয়ে, প্রিন্ট কপিটি প্রয়োজনীয় কাগজপত্রসহ স্ব স্ব বিভাগে জমা দিবে।

১। বিভাগে ফরম পূরণ ও ফিসের টাকা জমা দেয়ার সময়সূচী :

তারিখ	নির্ধারিত বিষয় /বিভাগের নাম	ফিসের টাকা জমা দেয়ার স্থান	
		নিয়মিত ছাত্রীদের জন্য	প্রাইভেট ছাত্রীদের জন্য
২৬/১২/২০১৬ থেকে ০৮/০১/২০১৭ইং পর্যন্ত	বাংলা, ইংরেজি, ইতিহাস, ইস:ইতিহাস,দর্শন, ইস:শিক্ষা, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, সমাজকর্ম,অর্থনীতি,হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, ফিন্যান্স, মার্কেটিং, পদার্থ, রসায়ন, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিদ্যা, ভুগোল,মনোবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি, গণিত,	নিজস্ব শিওর ক্যাশ মোবাইল একাউন্ট অথবা শিওর ক্যাশ এজেন্ট পয়েন্টের মাধ্যমে নির্ধারিত ফিসের টাকা (যার জন্য যা প্রযোজ্য) EDENM কোডটি ব্যবহার করে জমা দিতে হবে।	প্রশাসনিক ভবনের নীচ তলার রেজি:শাখায় নির্ধারিত ফিসের টাকা (যার জন্য যা প্রযোজ্য) জমা দিতে হবে।

২। ডাটাএন্ট্রি করণ ও বিবরণী অফিসে জমা দেয়ার সময়সূচী :

ক্রমিক নং	বিভাগে ডাটাএন্ট্রি নিশ্চয়নের শেষ তারিখ	এন্ট্রিকৃত ফরম , ইনকোর্স /টার্ম পেপার নম্বর সম্বলিত খাম ও বিবরণী অফিসে জমা দেয়ার তারিখ
১।	১০/০১/২০১৭ইং	১১/০১/২০১৭ইং বেলা ১:০০টার মধ্যে

৩। ফিসের বিবরণ :

ক্রমিক নং	বিষয়ের নাম	আই.সি.টি ছাড়া	আই.সি.টিসহ
১।	বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসালামের.ইতি, ইস:স্টাডিজ, দর্শন, অর্থনীতি,রাষ্ট্রবিজ্ঞান, হিসাব বিজ্ঞান,ব্যবস্থাপনা,মার্কেটিং,ফিন্যান্স (নিয়মিত/প্রাইভেট)	৩৮২৫/-	৪৬০০/-
২।	সমাজ কর্ম,	৪৮২৫/-	৫৬০০/-
৩।	সমাজবিজ্ঞান,	৩৯৭৫/-	৪৭৫০/-
৪।	পদার্থ, রসায়ন,উদ্ভিদ	৪০৭৫/-	৪৮৫০/-
৫।	গণিত, ভুগোল, মনো, গার্হস্থ্য,	৩৯৭৫/-	৪৭৫০/-
৬।	প্রাণি	৪১২৫/-	৪৯০০/-

উল্লেখিত সময়ের পরে জরিমানা দিয়ে ফরম পূরণের কোন সুযোগ থাকবে না।

৪। বিভাগের করণীয় :

ক) নির্ধারিত ফিসের টাকা শিউর ক্যাশের মাধ্যমে জমা হয়েছে, তা নিশ্চিত হয়ে এবং লাইব্রেরী ও হোস্টেল ছাড়পত্র দেখে ছাত্রীদের নিকট থেকে আবেদন ফরম ০৯/০১/২০১৭ইং তারিখের মধ্যে স্ব স্ব বিভাগ কর্তৃক নির্ধারিত তারিখে জমা নিতে হবে।

খ) ছাত্রীদের নিকট থেকে গ্রহণকৃত আবেদন ফরম সঠিকভাবে যাচাই-বাছাই করে বিভাগীয় প্রধানের স্বাক্ষর ও সীল দিতে হবে।

গ) ফরম পূরণের প্রয়োজনে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nubd.info/mf থেকে পরীক্ষায় অংশগ্রহণকারী সম্ভাব্য ছাত্রীদের তালিকা / (Probable List) প্রিন্ট করে নিতে হবে।

ঘ) ফরম পূরণের অনলাইনে নিশ্চয়ন করণের সময় পরীক্ষার্থীর ইনকোর্স/টার্ম পেপার পরীক্ষায় প্রাপ্ত নম্বরের মুল ম্যানুয়েল কপি থেকে রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে এন্ট্রি করার পর প্রিন্ট কপি মুল ম্যানুয়েল কপির সাথে যাচাই করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হবার পর মুল ম্যানুয়েল ও প্রিন্ট কপির এক সেট বিষয়ওয়ারী আলাদা খামে সীলগালা করে, ফরমপূরণের সর্বশেষ তারিখে অফিসে জমা দিতে হবে।

৫। পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা ঃ

(ক) ২০১৩-১৪ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার জন্য বিধি সম্মতভাবে জাতীয় বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত নিয়মিত ও প্রাইভেট শিক্ষার্থী।

০৬। মৌখিক পরীক্ষার প্রয়োজনীয় শর্তাবলী ঃ

(ক) তত্ত্বীয়, ব্যবহারিক ও মৌখিক সকল পরীক্ষকের তালিকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ডাটা বেইজ (TMIS) হতে নির্ধারণ করা হবে। ব্যবহারিক/ মৌখিক পরীক্ষা জাতীয় জাতীয় শ্বিবিদ্যালয়ের মনোনীত প্রতিনিধি ছাড়া গ্রহণ করা যাবে না। এরুপ পরীক্ষা গ্রহণের জন্য মনোনীত কোন শিক্ষক দায়িত্ব পালন না করলে বা করতে ব্যর্থ হলে পরীক্ষা নিয়ন্ত্রকের পূর্ব অনুমতি গ্রহণ পূর্বক নিকটবর্তী কোন কলেজ হতে একজন উপযোক্ত শিক্ষককে দিয়ে পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করা যাবে এবং সঙ্গে সঙ্গে বিষয়টি লিখিতভাবে পরীক্ষা নিয়ন্ত্রককে অবহিত করতে হবে। বিশ্ববিদ্যালয়ের পূর্ব অনুমতি ছাড়া অন্য কোন শিক্ষককে দিয়ে পরীক্ষা গ্রহণ করা যাবে না। প্রতিদিন অনধিক ৪০জন পরীক্ষার্থীর ব্যবহারিক/মৌখিক পরীক্ষা গ্রহণ করা যাবে।

(খ) উপর্যোক্ত কারণ বশত: একজন শিক্ষার্থী যদি মৌখিক পরীক্ষা অংশ গ্রহণে ব্যর্থ হয় সংশ্লিষ্ট পরীক্ষার ফলাফল প্রকাশর পূর্বে বিশেষ বিবেচনায় মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে সে ক্ষেত্রে পরীক্ষার্থীকে মৌখিক পরীক্ষা অনুষ্ঠানের যাবতীয় খরচ বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের নির্ধারিত হারে বহন করতে হবে।

(গ মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হতে ব্যর্থ হলে একজন শিক্ষার্থী শুধুমাত্র একবার পরবর্তী শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের সাথে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

(ঘ) মৌখিক/ ব্যবহারিক পরীক্ষা শেস হওয়ার সাথে সাথে সংশ্লিস্ট কর্তৃপক্ষ মৌখিক/ব্যবহারিক পরীক্ষার নম্বর কেন্দ্র হতে অনলাইনে বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করবেন এবং এর একটি কপি অধ্যক্ষের নিজ দায়িত্বে গোপনীয় ভাবে সংরক্ষণ করবেন।

(ঙ) সকল পরীক্ষার্থীদের (নিয়মিত ও প্রাইভেট) ক্ষেত্রে রেজিষ্ট্রেশন নম্বর প্রাপ্তির পর কলেজের সংশ্লিস্ট বিভাগ ২০% নম্বরের একটি ইনকোর্স পরীক্ষা গ্রহণ করে প্রাপ্ত নম্বর ও নিয়মিত পরীক্ষার্থীদের টার্ম পেপার নম্বর রেজিষ্ট্রেশন নম্বরের বিপরীতে অনলাইনে এন্ট্রি করতে হবে। এক কপি নম্বরপত্র সংরক্ষণ করে এক কপি ফরম পূরণের বিবরণী ও ফি জমা দানের স্লিপের সাথে জমা দিতে হবে।

০৭। পাঠ্যসূচী ঃ ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের আই.সি.টি সহ এমএ/এমএসএস/এবিএস/এমএসসি শেষ পর্ব পরীক্ষায় জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের প্রণীত সিলেবাস ও রেগুওেলশন অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৮। আবেদন ফরম পূরণের নিয়মাবলী ঃ

ক) আবেদনকারীকে নিজ দায়িত্বে বিশ্ববিদ্যালয়ের উল্লেখিত ওয়েব সাইট-এ প্রবেশ করে নিজের রেজিষ্ট্রেশন নম্বর দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী ফরম পূরণ করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে অনলাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিয়ে নোটিশের নির্ধারতি ফিসের টাকা শিওর ক্যাশের মাধ্যমে জমা দিয়ে প্রয়োজনীয় কাগজপত্রসহ স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

খ) আবেদন ফরমের সাথে রেজিঃ কার্ডের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

গ) প্রত্যেক পরীক্ষার্থী সদ্য তোলা ২কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি (সত্যায়িত) ১কপি আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে আইকা আঠা দ্বারা সংযোজন করতে হবে এবং অপর ১কপি ছবি স্ব স্ব বিভাগে সংরক্ষণ করতে হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রবেশপত্র সরবরাহের পর নির্দিষ্ট স্থানে আইকা আঠা দিয়ে ছবি লাগিয়ে তার উপর সত্যায়িত করে বিতরণ করতে হবে।

৯। প্রাইভেট পরীক্ষার্থীরা ফিসের টাকা প্রশাসনিক ভবনের নীচ তলায় রেজি:শাখায় জমা দিয়ে আবেদন ফরম গ্রহণ করবে এবং পূরণকৃত ফরম যাবতীয় কাগজপত্রসহ পূণরায় রেজিশাখায় নির্ধারিত সময়ের মধ্যে জমা দিবে।

২৫/১২/১৬

অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা

অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা

বিতরণ :
১। উপাধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
২। সকল বিভাগীয় প্রধান, অত্র কলেজ;
৩। জনাব মোঃ আদিয়াত হোসেন, সহকারী প্রোগ্রামার,অত্র কলেজ;
(অত্র কলেজ Web-Site ও Face book এ-প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৪। অফিস নথি;